# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র    বিষয় কোড: ২ ৯ ২

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট    সৃজনশীল প্রশ্ন    পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ নিম্নে ২টি কোম্পানির তথ্য প্রদান করা হলো—

| কোম্পানি | শেয়ার প্রতি লিখিত মূল্য | ১ম বছরে শেয়ার প্রতি আয় | ২য় বছরের শেয়ার প্রতি আয় | ১ম বছরে শেয়ারের বাজার মূল্য | ২য় বছরের শেয়ারের বাজার মূল্য |
|---|---|---|---|---|---|
| ABC | ২০০ | ৪০ | ৪৮ | ২২০ | ২২০ |
| BHM | ২০০ | ৩৭ | ৩৭ | ২২৫ | ২৩৫ |

ক. পোর্টফোলিও কাকে বলে? ১

খ. সামাজিক দায়বদ্ধতা বলতে কি বুঝ? ২

গ. উদ্দীপকের তথ্যের আলোকে ABC কোম্পানি অর্থায়নের কোন লক্ষ্যটি অর্জন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সম্পদ সর্বাধিকরণের ভিত্তিতে কোন কোম্পানিটি উত্তম? যুক্তিসহ আলোচনা করো। ৪

২.▶ মি. অর্ণব শেয়ারের একটি বাজারে বিনিয়োগ করলেও দীর্ঘ ২ বছর যাবত লটারিতে তিনি কোনো শেয়ার পাননি। যে কারণে তিনি অনেকটা রাগ করে কোনো কিছু বিবেচনা না করেই সেকেন্ডারি শেয়ার ক্রয় করেন।

ক. মার্চেন্ট ব্যাংকার কাকে বলে? ১

খ. বাণিজ্যিক পত্র বলতে কি বুঝ? ২

গ. মি. অর্ণব ১ম দিকে কোন বাজারে বিনিয়োগ করেন? ৩

ঘ. মি. অর্ণবের সেকেন্ডারি শেয়ার ক্রয় করা কি ঠিক হয়েছে? যুক্তিসহকারে বিশ্লেষণ করো। ৪

৩.▶ মি. তৌহিদ ১০% চক্রবৃদ্ধি সুদের হারে প্রাইম ব্যাংকের হিসাবে এখন ৫,০০০ টাকা জমা দিলেন। ১ম বছর শেষে ৪,০০০ টাকা, ২য় বছর শেষে ৬,০০০ টাকা, ৩য় বছর শেষে ৩,০০০ টাকা এবং ৪র্থ বছর শেষে ২,০০০ টাকা ধারাবাহিকভাবে জমা দিলেন।

ক. বার্ষিক বৃত্তি কাকে বলে? ১

খ. অর্থের সময়মূল্য নির্ধারণের মূল উপাদানটি ব্যাখ্যা করো। ২

গ. ৪ বছর পর মি. তৌহিদ কত টাকা পাবেন? নির্ণয় করো। ৩

ঘ. মি. তৌহিদ যদি ১ম বছরের শুরুতে ৪০০০, ২য় বছরের শুরুতে ৬০০০ টাকা, ৩য় বছরের শুরুতে ৩০০০ টাকা এবং ৪র্থ বছরের শুরুতে ২০০০ টাকা জমা দেয়, তাহলে মেয়াদ শেষে কত টাকা পাবেন? নির্ণয় করো। ৪

http://teachingbd.com

৪. ▶ ধ্রুবতারা কোম্পানি লি.-এর তথ্য নিম্নরূপঃ

ধ্রুততারা কোম্পানি লিমিটেড তুলনামূলক আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর সম্পাপ্ত বছরে জন্য।

| বিবরণ | ২০১৪ | ২০১৩ | পরিবর্তন |
|---|---|---|---|
| **সমপদসমূহঃ** | | | |
| নগদ তহবিল | ৫,৪০০০ | ৩৭,০০০ | ১৭,০০০ বৃদ্ধি |
| মজুদপণ্য | ৫৪,০০০ | | ৫৪,০০০ বৃদ্ধি |
| প্রাপ্য হিসাব | ৬৮,০০০ | ২৬,০০০ | ৪২,০০০ বৃদ্ধি |
| অগ্রিম খরচ | ৪,০০০ | ৬,০০০ | ২,০০০ বৃদ্ধি |
| ভূমি | ৪৫,০০০ | ৭০,০০০ | ২৫,০০০ হ্রাস |
| অবচয় সঞ্চিতি-দালানকোঠা | (২১,০০০) | (১১,০০০) | ১০,০০০ বৃদ্ধি |
| সরঞ্জাম | ১,৯৩,০০০ | ৬৮,০০০ | ১,২৫,০০০ |
| অবচয় সঞ্চিতি সরঞ্জাম | (২৮,০০০) | (১০,০০০) | ১৮,০০০ বৃদ্ধি |
| | ৫,৬৯,০০০ | ৫,৬৯,০০০ | |
| **দায়সমূহ :** | | | |
| প্রদেয় হিসাব | ২৩,০০০ | ৪০,০০০ | ৭,০০০ হ্রাস |
| বকেয়া খরচ | ১০,০০০ | - | ১০,০০০ বৃদ্ধি |
| প্রদেয় বন্ড | ১,১০,০০০ | ৫০,০০০ | ৪০,০০০ হ্রাস |
| সাধারণ শেয়ার | ২,২০,০০০ | ৬০,০০০ | ১,৬০,০০০ বৃদ্ধি |
| সংরক্ষিত আয়ের সমাপনী জের | ২,০৬,০০০ | ১,৩৬,০০০ | |
| | ৫,৬৯,০০০ | ৫,৬৯,০০০ | |

**অন্যান্য তথ্য:** ১) ২০১৪ সালে নিট আয় অর্জিত হয়েছে ১,২৫,০০০ টাকা। ২) পরিচালন খরচের মধ্যে অবচয় খরচ ৩৩,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে এবং অগ্রিম খরচ ২,০০০ টাকা চার্জ করা হয়েছে। ৩) ভূমি বই মূল্যে নগদে বিক্রয় করা হয়েছে। ৪) ২০১৪ সালে ৫৫,০০০ টাকা লভ্যাংশ প্রদান। ৫) সুদ খরচ ১২,০০০ টাকা নগদে প্রদান। ৬) সরঞ্জাম ১,৬৬,০০০ টাকা ক্রয় করা হয়েছে। একটি সরঞ্জাম ৩৪,০০০ টাকায় বিক্রয় করা হয়েছে যার ক্রয়মূল্য ৪১,০০০ টাকা এবং পুস্তক মূল্য ৩৬,০০০ টাকা। ৭) বন্ড ১০,০০০ টাকা পরিশোধ এবং ৩০,০০০ টাকার বন্ড সাধারণ শেয়ারের রূপান্তর। সাধারণ শেয়ার প্রতিটি ১ টাকা মূল্যে ১,৩০,০০০ টাকা শেয়ার ইস্যু।

ক. আর্থিক বিশ্লেষণ কী? ১

খ. নিরাপত্তা প্রান্ত বলতে কি বুঝ? ২

গ. অর্থায়ন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৩

ঘ. ধ্রুবতারা কোম্পানির নগদ প্রবাহ নির্ণয় করো। [পরোক্ষ পদ্ধতি] ৪

৫. ▶ রূপা ট্রেডার্সের বার্ষিক মজুদ পণ্যের প্রয়োজন ২,০০০ একক। একক প্রতি ক্রয়মূল্য ১০ টাকা, ক্রয়াদেশ খরচ ৫০ টাকা, একক প্রতি বহন ব্যয় ক্রয়মূল্যের ১০%। ফরমায়েশের পরিমাণ ২,০০০, ১,০০০, ৫০০, ২৫০ একক।

ক. ব্যবসায় ঋণ কাকে বলে? ১

খ. মধ্যমেয়াদি অর্থায়ন বলতে কি বুঝ? ২

গ. সূত্র পদ্ধতিতে মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ নির্ণয় করো। ৩

http://teachingbd.com

ঘ. ভুল করে শেখার পদ্ধতিতে মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ নির্ণয় করো। ৪

৬.▶ জনাব সাগর একজন চাকরিজীবী। তিনি বণ্ডে বিনিয়োগ করার উদ্দেশ্যে নিম্নোক্ত দুটি প্রতিষ্ঠানের বন্ড সম্পর্কে নিম্নোক্ত তথ্য সংগ্রহ করেছেন।

| বিবরণ | এ.সি. আই কোম্পানি | একমি কোম্পানি |
|---|---|---|
| অভিহিত মূল্য | ২,০০০ টাকা | ২,০০০ টাকা |
| কুপন হার | ১২% | ১৪% |
| মেয়াদ | ২০ বছর | ২০ বছর |
| বাজার মূল্য | ১,৬০০ টাকা | ১,৯০০ টাকা |
| প্রয়োজনীয় আয়ের হার | ১৫% | ১৫% |
| মেয়াদপূর্তি মূল্য | ৫% অধিহারে | ৫% অবহারে |

ক. শেয়ার প্রতি আয় কী? ১
খ. সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের ৪টি পার্থক্য লিখ। ২
গ. এ. সি. আই কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় করো। ৩
ঘ. জনাব সাগর কোন কোম্পানির বণ্ড ক্রয় করলে লাভবান হবেন বলে তুমি মনে করো এবং কেন? ৪

৭.▶ প্রাইম ফিন্যান্স লিমিটেড-এর মূলধন কাঠামো ২০০ কোটি টাকা যার ৫০% সাধারণ শেয়ার, ২০% অগ্রাধিকার শেয়ার এবং ২০% ঋণ এবং ১০% সংরক্ষিত আয় রয়েছে। প্রতিটি সাধারণ শেয়ারের বাজার মূল্য ২০০ টাকা এবং প্রত্যাশিত লভ্যাংশ ৩০ টাকা। যা আগামী বছরগুলোতে ৫% হারে বৃদ্ধি পাবে। কর্পোরেট কর হার ৩০%।

ক. মূলধন ব্যয় কী? ১
খ. উত্তরণ খরচ বলতে কি বুঝ? উদাহরণসহ ব্যাখ্যা করো। ২
গ. প্রাইম ফিন্যান্স লি.-এর সাধারণ শেয়ার ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. প্রতিষ্ঠানের ভার আরোপিত গড় মূলধন ব্যয় (WACC) নির্ণয় করো। ৪

৮.▶ আলিফ এন্টারপ্রাইজের তথ্যাবলি নিম্নরূপ:

| প্রকল্প/বছর | ০ | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|---|
| নগদ প্রবাহ (A) | ১,০০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ | ৩০,০০০ |
| নগদ প্রবাহ (B) | ১,০০,০০০ | ৪০,০০০ | ৩৫,০০০ | ৩০,০০০ | ৩৫,০০০ |

বাট্টার হার ১০%।

ক. আন্তঃআয়ের হার কাকে বলে? ১
খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কি বুঝ? ২
গ. দুটি প্রকল্পের পরিশোধকাল নির্ণয় করো। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে কোন প্রকল্প ভালো এবং কেন? ৪

৯.▶ RFL কোম্পানির বাজার ঝুঁকি ০.৭৫, বাজারের গড় আয় ১৫%, ট্রেজারি বন্ডের উপর আয়ের হার ৭%।

ক. কোন ঝুঁকি কারবারের মূলধন কাঠামোর সাথে সম্পর্কিত? ১
খ. ব্যবসায়িক ঝুঁকি বলতে কি বুঝ? ২
গ. RFL কোম্পানি প্রত্যাশিত আয়ের হার নির্ণয় করো। ৩
ঘ. যদি বাজার আয়ের হার ১% কমে, ট্রেজারি বন্ডের আয়ের হার ১% বৃদ্ধি পায় এবং প্রত্যাশিত আয়ের হার ১৭% হয়, তাহলে বাজার ঝুঁকি নির্ণয় করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৯ ২

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী?
ক) মুনাফা অর্জন
খ) সামাজিক কল্যাণ
গ) ব্যবসায় সম্প্রসারণ
ঘ) সরকারের জনপ্রিয়তা অর্জন

২. ফিন্যান্স বিষয়ের প্রথম বই 'কর্পোরেট ফিন্যান্স' বইটি কখন প্রকাশিত হয়?
ক) ১৮৯০ খ) ১৮৯৭ গ) ১৯৫২ ঘ) ১৯৬০

৩. মুনাফা সর্বাধিকরণের উপায় হচ্ছে —
i. বিক্রয় বৃদ্ধি করা
ii. শেয়ার মূল্য বৃদ্ধি করা
iii. পণ্য মূল্য বৃদ্ধি করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. BSEC কোন বাজার নিয়ন্ত্রণ করে?
ক) প্রাথমিক বাজার খ) মাধ্যমিক বাজার
গ) মুদ্রা বাজার ঘ) শেয়ার বাজার

৫. আর্থিক প্রতিষ্ঠান আইন কত সালের?
ক) ১৯৬৯ খ) ১৯৯১
গ) ১৯৯৩ ঘ) ১৯৪৭

৬. কোনটি মুদ্রা বাজারের উপাদান বহির্ভূত?
ক) বাণিজ্যিক পত্র খ) ব্যাংকের স্বীকৃতিপত্র
গ) ট্রেজারি চালান ঘ) ডিবেঞ্চার

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।
সি. সৈকত একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি বাংলাদেশ ব্যাংকের কোনো মাধ্যম ব্যবহার না করে ৫০ লক্ষ টাকা গোপনে সুইজারল্যান্ডে স্থানান্তর করেছেন।

৭. মি. সৈকত কোন ধরনের অপরাধ করেছেন?
ক) ঋণ অপরাধ খ) ফৌজদারি অপরাধ
গ) গোপন অপরাধ ঘ) মানি লন্ডারিং অপরাধ

৮. মি. সৈকতকে কত টাকা জরিমানা দিতে হবে?
ক) ৮ লক্ষ খ) ১০ লক্ষ
গ) ১২ লক্ষ ঘ) ১৫ লক্ষ

৯. চক্রবৃদ্ধির সংখ্যা বেশি হলে কোনটি সঠিক হবে?
ক) FV কম হবে খ) FV বেশি হবে
গ) PV বেশি হবে ঘ) PV কম হবে

১০. মার্চেন্ট ব্যাংক কোন কাজটি করে?
i. শেয়ার বিক্রয়ের দায় গ্রহণ
ii. ইস্যুয়ার হিসেবে দায়িত্ব পালন করে
iii. অবলেখক হিসেবে কাজ করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. অর্থের সময়মূল্য নির্ণয়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ উপাদান হলো —
i. সুদের হার ii. সময়
iii. অর্থের তারল্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
মি. আজাদ মেঘনা ব্যাংকের একটি হিসাবে ১,০০,০০০ টাকা জমা রাখেন। মেঘনা ব্যাংকের এ স্কিমে ৫ বছরে টাকা দ্বিগুণ হয়।

১২. মি. আজাদ কর্তৃক ব্যাংকে জমাকৃত টাকাকে কোন ধরনের নগদ প্রবাহের অন্তর্ভুক্ত করা যায়?
ক) সাধারণ বার্ষিক বৃত্তি
খ) অগ্রিম বার্ষিক বৃত্তি
গ) এককালীন নগদ প্রবাহ
ঘ) মিশ্র নগদ প্রবাহ

১৩. জনাব আজাদের এ প্রকল্পে সুদের হার কত?
ক) ১৪.৮৭% খ) ১৫.৩৫%
গ) ১৫.৮৭% ঘ) ১৪.৪%

১৪. স্বতঃস্ফূর্ত অর্থায়নের উৎস কোনটি?
ক) ব্যবসায় ঋণ খ) ঘূর্ণায়মান ঋণ
গ) ঋণরেখা ঘ) মজুদ পণ্য বন্ধক

১৫. একটি কোম্পানির কাম্য নগদ অর্থের পরিমাণ নির্ণয়ের জন্য নিম্নের কোন মডেলটি ব্যবহার করা হয়?
ক) $Q = \sqrt{\frac{2bi}{t}}$ খ) $Q = \sqrt{\frac{2bt}{i}}$
গ) $Q = \sqrt{\frac{2ti}{b}}$ ঘ) $Q = \sqrt{\frac{bi}{t}}$

উদ্দীপকটি পড়ো এবং ১৬-১৭ নং প্রশ্নের উত্তর দাও।
RFL টিউবওয়েল কোম্পানি বাংলাদেশে দীর্ঘদিন যাবৎ ব্যবসায় পরিচালনা করে আসছে। বর্তমানে প্রতিটি টিউবওয়েলের পরিবর্তনশীল ব্যয় ২০০০ টাকা এবং প্রতিটির বিক্রয়মূল্য ৩০০০ টাকা। বার্ষিক স্থির পরিচালনা খরচ ১০,০০,০০০ টাকা।

১৬. RFL কোম্পানি কতটি টিউবওয়েল বিক্রি করলে ব্রেক-ইভেন বিন্দুতে পৌঁছবে?
ক) ৫০০ খ) ১,০০০
গ) ১০,০০০ ঘ) ১,০০,০০০

১৭. কোম্পানির ব্রেক-ইভেন পয়েন্টে —
i. আয়-ব্যয় সমান
ii. সুদ ও করপূর্ব আয় শূন্য হয়
iii. সুদ ও করপরবর্তী আয়শূন্য হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

http://teachingbd.com

১৮. কোম্পানির আয় ও সম্পদের ওপর কার দাবি সবার আগে?
ⓚ সাধারণ শেয়ার হোল্ডারদের
ⓚ অগ্রাধিকার শেয়ার হোল্ডারদের
ⓖ বন্ড হোল্ডারদের ⓘ ব্যবস্থাপকদের

১৯. যে বন্ডের ঝুঁকি এবং আয়-বেশি তাকে কোন বন্ড বলে?
ক জিরো কুপণ বন্ড খ অপরিশোধিত বন্ড
গ জাঙ্ক বন্ড ঘ কুপন বন্ড

২০. 'Flotation cost' কোন মূলধন ব্যয়কে প্রভাবিত করে না?
ক সাধারণ শেয়ার খ অগ্রাধিকার শেয়ার
গ ঋণপত্র ঘ রক্ষিত আয়

২১. কাম্য মূলধন কাঠামো বলতে বোঝায় —
ক ফার্মের সর্বোচ্চ মূল্য ও সর্বোচ্চ ব্যয়
খ ফার্মের সর্বোচ্চ মূল্য ও সর্বনিম্ন ব্যয়
গ ফার্মের সর্বনিম্ন মূল্য ও সর্বনিম্ন ব্যয়
ঘ ফার্মের সর্বনিম্ন মূল্য ও সর্বোচ্চ ব্যয়

২২. কোন ধরনের ঝুঁকিকে বিটা দ্বারা প্রকাশ করা হয়?
ক প্রকৃত ঝুঁকি খ আর্থিক ঝুঁকি
গ অপরিহারযোগ্য ঝুঁকি ঘ পরিহারযোগ্য ঝুঁকি

**উদ্দীপকটি পড়ে এবং ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
আজিজ ট্রেডিং ধারে বিক্রয়ের ক্ষেত্রে ৩/১০, n ৬০ শর্ত প্রদান করে থাকে।

২৩. ব্যবসায় ঋণের ব্যয় কত?
ক ২২.২৭% খ ২২.৭০%
গ ২৭.২০% ঘ ২৭.২২%

২৪. বাট্টার মেয়াদ কত দিন?
ক ৩ দিন খ ১০ দিন
গ ১৩ দিন ঘ ৬০ দিন

২৫. প্রত্যাশিত লভ্যাংশ ৫.৫ টাকা। লভ্যাংশ বৃদ্ধির হার ১০% হলে অতীত লভ্যাংশ কত?
ক ৫ টাকা খ ৫.৫ টাকা
গ ৫.৬ টাকা ঘ ৭ টাকা

২৬. $R_f$ = ১০%, ঝুঁকি প্রিমিয়াম ২% হলে $R_m$ = কত?
ক ২০% খ ১২%
গ ৮% ঘ ৫%

২৭. নিচের কোনটি নগদ আন্তঃপ্রবাহ
ক প্রাপ্য হিসাব বৃদ্ধি খ প্রদেয় হিসাব হ্রাস
গ প্রদেয় নোট বৃদ্ধি ঘ প্রদেয় নোট হ্রাস

**উদ্দীপকটি পড়ো এবং ২৮ নং প্রশ্নের উত্তর দাও।**
XYZ প্রকল্পের ১০% হারে নিট বর্তমান মূল্য ৫,০০০ টাকা এবং ১২% হারে নিট বর্তমান মূল্য (৩০০) টাকা।

২৮. XYZ প্রকল্পের অভ্যন্তরীণ উপার্জন হার কত?
ক ১১.৮৭% খ ১২.২০%
গ ১৩.১০% ঘ ১৩.৮৭%

২৯. মূলধন বাজেটিং এর যে সকল পদ্ধতি অর্থের সময়মূল্য বিবেচনা করা হয় না —
i. নিট বর্তমান মূল্য
ii. পে-ব্যাক সময়
iii. গড় মুনাফার হার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. বাজারে সুদের হার বাড়লে বন্ডের দাম কীরূপ হয়?
ক বাড়ে খ কমে
গ সমান থাকে ঘ অপরিবর্তিত থাকে

৩১. ঋণের ব্যয় পরিবর্তন হয় কোনটির প্রভাবে?
ক জামানত খ লভ্যাংশ
গ মুদ্রাস্ফীতি ঘ কর হার

৩২. আন্তঃআয় হারে নিট বর্তমান মূল্যের মান কত?
ক ঋণাত্মক খ ধনাত্মক
গ শূন্য ঘ ১ এর চেয়ে কম

৩৩. CAPM এর অনুমিত শর্তাবলি হলো —
i. বিক্রয় খরচ থাকবে না
ii. কোনো আয়কর থাকবে না
iii. কোনো মুদ্রাস্ফীতি নেই
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪. মুদ্রাস্ফীতির ফলে —
i. জিনিস পত্রের দাম বাড়ে
ii. অর্থের ক্রয় ক্ষমতা কমে
iii. বিনিয়োগের মূল্য বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. কোন বন্ডের ক্ষেত্রে ঋণদাতার নাম ও ঠিকানা উল্লেখ থাকে?
ক বাহক বন্ড খ ইনকাম বন্ড
গ নিবন্ধিত বন্ড ঘ জিরো কুপণ বন্ড

৩৬. নিট বর্তমান মূল্য নির্ণয়ে কোনটি বাট্টার হার হিসেবে ধরা হয়?
ক লভ্যাংশের হার খ মূলধন ব্যয়
গ ব্যাংক হার ঘ ঝুঁকিমুক্ত আয়ের হার

৩৭. যদি নগদ বহিঃপ্রবাহকে সমান নগদ আন্তঃপ্রবাহ দ্বারা ভাগ করা হয় তাহলে কী পাওয়া যাবে?
ক গড় আয়ের হার খ নিট বর্তমান মূল্য
গ আন্তঃআয়ের হার ঘ পরিশোধকাল

৩৮. BSEC এর পূর্ণরূপ কী?
ক Bangladesh Securities and Export Commission
খ Bangladesh Security and Export Commission
গ Bangladesh Security and Exchange Commission
ঘ Bangladesh Securities and Exchange Commission

৩৯. IPO কোন বাজারের সাথে জড়িত?
ক মুদ্রা বাজার খ বন্ড বাজার
গ প্রাথমিক বাজার ঘ মাধ্যমিক বাজার

৪০. উত্তরণ ব্যয় না থাকলে কোনটি সঠিক?
ক $K_s > K_r$ খ $K_s < K_r$
গ $K_s = K_r$ ঘ $K_s = K_d$

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ঘ |
| ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | গ |

teachingbd.com

http://teachingbd.com